

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ পেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২০ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/০৮ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং ০২-আইন/২০২২/১৬৮-মূসক —সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩০ জুন, ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২২৯-আইন/২০১৯/৬৫-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর—

(ক) টেবিল-১ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন বা, ক্ষেত্রমত, অনুমতি গ্রহণ করিতে হইবে;”;

(খ) টেবিল-২ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে লাইসেন্স গ্রহণসহ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে নিবন্ধন বা, ক্ষেত্রমত, অনুমতি গ্রহণ করিতে হইবে;”; এবং

(৪৭৯)

মূল্য : টাকা ৮.০০

(গ) টেবিল-৩ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে লাইসেন্স গ্রহণসহ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অর্থনৈতিক অধ্যক্ষ কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে নিবন্ধন বা, ক্ষেত্রমত, অনুমতি গ্রহণ করিতে হইবে;”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।